# নবম অধ্যায়

# (খ)কর্মচারীদের আর্থিক সুবিধাদি পরিশোধ সংক্রান্ত গাইড লাইন

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার,ঢাকা-১২১৫
www.sfdf.org.bd

স্মারক নং-৪৭.৬৫.০০০০.০৬১.৩৯.০০১.১৮.-২৩৯০

তারিখঃ ২৪|০৭|১৪২৭ বঙ্গাব্দ
০৯|১১|২০২০ খ্রিস্টাব্দ

## কর্মচারীদের আর্থিক সুবিধাদি পরিশোধ সংক্রান্ত গাইড লাইন

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালার ৫৩(২) ও ৫৪ ধারায় কর্তৃপক্ষকে প্রদত্ত ক্ষমতা এবং টাস্ক ফোর্সের রিপোর্ট ও সরকারি কর্মচারীদের পেনসন সংক্রান্ত সর্বশেষ পরিপত্রাদি পর্যালোচনা করে কর্মচারীদের পদত্যাগ/চাকরি হতে অব্যাহতি/অবসরজনিত কারণে চাকরির আর্থিক সুবিধাদি পরিশোধ বিষয়ে গাইড লাইন প্রণয়নের জন্য গত ২৭ অক্টোবর,২০২০ তারিখ ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক-এর সভাপতিত্বে সহকারী মহাব্যবস্থাপক ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুসারে আর্থিক সুবিধাদি পরিশোধের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনা ও অনুসরণ করতে হবে:-

০১। কর্মচারী কার্যক্রম পরিচালনায় প্রতিষ্ঠানের জন্য কোন দায় সৃষ্টি করে না থাকলে প্রবিধানমালা অনুযায়ী সাধারণ দেনা-পাওনা (যেমন-ঝুঁকি তহবিল ঋণ, মোটর সাইকেল/বাই সাইকেল ঋণ, সিপিএফ অগ্রিম ও অন্যান্য) নির্ধারণ করে তা সমন্বয়পূর্বক আনুতোষিকসহ সকল পাওনা পরিশোধ করা হবে।

০২। প্রতিষ্ঠানের জন্য দায় সৃষ্টিকারী কর্মচারীদের আর্থিক সুবিধাদি ও আনুতোষিক প্রাক্কলনের পর ছুটি নগদায়ন , আনুতোষিক এবং ভবিষ্য তহবিলের ফাউন্ডেশন থেকে প্রদেয় অংশের শতকরা ৫০% সরকারি কর্মচারীদের পেনসন সংক্রান্ত সর্বশেষ পরিপত্রাদি অনুসরণে সরাসরি পরিশোধ করা যেতে পারে। ভবিষ্য তহবিলে নিজস্ব জমাকৃত সকল অ র্থের ইন্টারেস্টসহ প্রদান করা হবে। প্রাক্কলিত অবশিষ্ট স্থগিতকৃত ৫০% ভাগ অর্থ তামাদি ঋণ সমন্বয় হিসাব খাতে প্রাথমিকভাবে স্থানান্তর করা যাবে। স্থগিতকৃত ৫০% ভাগ অর্থ পরিশোধে ৩ থেকে ৯ ক্রমিকে বর্ণিত শর্তসমূহ প্রযোজ্য হবে।

০৩। আয় থেকে ব্যয় নির্বাহের জন্য প্রতিষ্ঠিত এ প্রতিষ্ঠানে আর্থিক সুবিধা চূড়ান্তকরণের সময় অবশিষ্ট অর্থ পরিশোধের ক্ষেত্রে কর্মচারীর সকল দায়-দেনা নিরূপণ করতে হবে। কর্মচারীর দায় নির্ধারণের ক্ষেত্রে তাঁর নিজের সৃষ্ট মেয়াদাত্তীর্ণ খেলাপি (সার্টিফিকেট মামলাসহ), বেতন-ভাতা এবং পরিশোধযোগ্য আনুতোষিক এ ৩টির সমষ্টি এবং তাঁর আয় নির্ধারণের ক্ষেত্রে তাঁর ক্রমপুঞ্জিত বিনিয়োগের বিপরীতে আদায়কৃত সার্ভিস চার্জের ব্যয়যোগ্য অংশ ১০%, ঝুঁকি তহবেলের ১% এবং প্রবৃদ্ধি ১%এ ৩টির সমষ্টি বিয়োগ করে পার্থক্য নির্ধারণ করতে হবে।

০৪। পার্থক্য ইতিবাচক হলে কর্মচারীর খেলাপি ঋণের দায় নির্ধারণের ক্ষেত্রে টাস্ক ফোর্স রিপোর্টে উল্লিখিত ঝুঁকি, কু-ঋণ ও খেলাপি গ্রহণযোগ্য মাত্রার বিষয়টি সহানুভূতির সাথে বিবেচনা করা যায়।

০৫। খেলাপি ঋণ সমন্বয়ের জন্য কর্মচারীর বেতন থেকে প্রবিধানমালার ৫৩ (২) ধারা অনুসারে ইতঃপূর্বে স্থগিতকৃত অর্থ স্থায়ীভাবে কর্তন করা হয়েছে বলে গণ্য হবে এবং তা দায় থেকে বাদ যাবে।

০৬। আনুতোষিক নির্ধারণের পূর্বে মাঠ পর্যায় থেকে প্রাপ্ত সর্বশেষ প্রতিবেদনে খেলাপির ক্ষেত্রে কোন অনিয়মের উল্লেখ না থাকলে এবং আদায়ের সম্ভাবনা বিষয়ে ইতিবাচক প্রতিবেদন থাকলে তা সহানুভূতির সাথে বিবেচনা করতে হবে।

০৭। ঋণ বিতরণে কোন ধরনের অনিয়ম না হয়ে থাকলে খেলাপি ঋণের জন্য অনুমোদনকারী এবং সুপারিশকারী উভয় কর্মকর্তাকে সমহারে দায়ী করা যেতে পারে। অনিয়মের প্রকৃতি অনুযায়ী সৃষ্ট খেলাপির জন্য অনিয়ম সৃষ্টিকারী কর্মকর্তা/কর্মকর্তাগণ একক/যৌথভাবে দায়ী হবেন।

০৮। আয়-ব্যয় বিশ্লেষণে ইতিবাচক পারফরমেন্সধারীদের নিম্নরূপভাবে স্থগিতকৃত আর্থিক সুবিধা পরিশোধ করা যেতে পারে:
(ক) কর্মচারীর আর্থিক সুবিধাদির অবশিষ্ট ৫০% অংশ পরিশোধের বিষয় খেলাপি ঋণের পরিমাণের উপর নির্ধারিত হবে। তবে তা ২৫% ভাগের বেশি হবে না অর্থাৎ এ ধরনের কর্মচারীকে তাঁর আনুতোষিক ও আর্থিক সুবিধাদির শতকরা ৭৫% পর্যন্ত পরিশোধ করা যেতে পারে। অপরিশোধিত আর্থিক সুবিধার অর্থ পরবর্তী ২ বছরে (সর্বোচ্চ) যে আনুপাতিক হারে খেলাপি ঋণ আদায় হবে সে আনুপাতিক হারে তাঁর স্বপক্ষে ছাড় করা যেতে পারে। ২ বছর পর অবশিষ্ট অর্থ প্রতিষ্ঠানের জন্য সৃষ্ট দায় উসুল হিসেবে বিবেচনা করে তা প্রতিষ্ঠানের স্বপক্ষে স্থায়ীভাবে কর্তন করা যেতে পারে।

০৯। আয়-ব্যয় বিশ্লেষণে নেতিবাচক পারফরমেন্সধারীদের নিম্নরূপভাবে স্থগিতকৃত আর্থিক সুবিধা পরিশোধ করা যেতে পারে:
(ক) কর্মচারীর আনুতোষিক ও অন্যান্য আর্থিক সুবিধার অবশিষ্ট ৫০% পরিশোধ স্থগিত রাখা যেতে পারে। অপরিশোধিত এ অর্থ পরবর্তী ২ বছরে (সর্বোচ্চ) যে আনুপাতিক হারে খেলাপি ঋণ আদায় হবে সে আনুপাতিক হারে তাঁর স্বপক্ষে ছাড় করা যেতে পারে। ২ বছর পর অবশিষ্ট অর্থ প্রতিষ্ঠানের জন্য সৃষ্ট দায় উসুল হিসেবে বিবেচনা করে তা প্রতিষ্ঠানের স্বপক্ষে স্থায়ীভাবে কর্তন করা যেতে পারে।

চলমান পাতা-০২

সার্বিকভাবে অবসরপ্রাপ্ত কর্মচারীর মাঠ কার্যক্রমের পারফরমেন্স নিম্নরূপভাবে নিরূপন করতে হবে:-

আয়-ব্যয় বিশ্লেষণের উদাহরণ

ইতিবাচক

| | | | | |
|---|---|---|---|---|
| আয় | ব্যয়যোগ্য সার্ভিস চার্জ (১০' | প্রবৃদ্ধি (১%) | ঝুঁকি তহবিল (১%) | সর্বমোট |
| | ৬১.৭৮ | ৬.১৮ | ৮.৭৫ | ৭৬.৭১ |
| ব্যয় | বেতন-ভাতা | মেয়াদাত্তীর্ণ অনাদায়ী খেলাপি | আনুতোষিক ও সকল প্রাপ্য আর্থিক সুবিধা | সর্বমোট |
| | ১৪.৬৬ | ২১.৭৩ | ১২.৪৬ | ৪৮.৮৫ |
| | পার্থক্য (+) | | | ২৭.৮৬ |

নেতিবাচক

| | | | | |
|---|---|---|---|---|
| আয় | ব্যয়যোগ্য সার্ভিস চার্জ (১০' | প্রবৃদ্ধি (১%) | ঝুঁকি তহবিল (১%) | সর্বমোট |
| | ৩৭.৮৭ | ৩.৭৯ | ৬.১০ | ৪৭.৭৬ |
| ব্যয় | বেতন-ভাতা | মেয়াদাত্তীর্ণ অনাদায়ী খেলাপি | আনুতোষিক ও সকল প্রাপ্য আর্থিক সুবিধা | সর্বমোট |
| | ১৪.৩৮ | ২৭.৬৯ | ৯.৯৪ | ৫২.০১ |
| | পার্থক্য (-) | | | ৪.২৫ |

কর্মচারীদের আর্থিক সুবিধাদি প্রদান ও দায় নির্ধারণের ক্ষেত্রে এ গাইড লাইন যথাযথভাবে অনুসরণ করতে হবে।

(এ এইচ এম আবদুল্লাহ)
ব্যবস্থাপনা পরিচালক
ফোন-০২-৮১৮০১৫০
info@sfdf.org.bd

বিতরণ:

০১। ফাউন্ডেশনের সকল কর্মকর্তা/কর্মচারী।
০২। জনাব .....................................।

অনুলিপি:

০১। ব্যবস্থাপনা পরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
০২। সংশ্লিষ্ট নথি।
০৩। অফিস কপি।

(মোঃ গোলাম ছারওয়ার)
মহাব্যবস্থাপক
ফোন-০২-৮১৮০১৫০

info@sfdf.org.bd